# দ্বিপাক্ষিক সম্পর্ক শক্তিশালী করতে চায় বাংলাদেশ-সিঙ্গাপুর



দ্বিপাক্ষিক সহযোগিতা জোরদার চায় বাংলাদেশ-সিঙ্গাপুর প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী মো. নুরুল হকের সঙ্গে বাংলাদেশে নিযুক্ত সিঙ্গাপুর হাইকমিশনের চার্জ ডি অ্যাফেয়ার্স মিশেল লি'র সৌজন্য সাক্ষাতে। ছবি: সংগৃহীত

বাংলাদেশ ও সিঙ্গাপুরের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও শক্তিশালী করা এবং দক্ষ জনশক্তি রপ্তানি বাড়ানোর বিষয়ে গুরুত্বারোপ করা হয়েছে এক বৈঠকে। প্রবাসী কল্যাণ প্রতিমন্ত্রী মো. নুরুল হক ও সিঙ্গাপুর হাইকমিশনের চার্জ ডি অ্যাফেয়ার্স মিশেল লি'র সৌজন্য সাক্ষাতে এ বিষয়ে আলোচনা হয়।

প্রতিমন্ত্রী সিঙ্গাপুরে কর্মসংস্থানের নতুন খাত—বিশেষ করে নার্সিং, কেয়ারগিভিং, হোটেল ব্যবস্থাপনা ও ম্যানুফ্যাকচারিংয়ে—বাংলাদেশি কর্মীদের সুযোগ বাড়ানোর আহ্বান জানান। একই সঙ্গে ওভারসিজ টেস্টিং সেন্টারের সংখ্যা বাড়ানো এবং টিটিসির মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলার ওপর জোর দেন।

বর্তমানে প্রায় ১ লাখ ৩৫ হাজার বাংলাদেশি সিঙ্গাপুরে কর্মরত রয়েছে বলে জানানো হয়। এ ছাড়া মেরিন খাতে প্রশিক্ষণপ্রাপ্তদের জন্য নতুন কর্মসংস্থানের প্রস্তাবও উঠে আসে।

জবাবে মিশেল লি বাংলাদেশের কর্মীদের দক্ষতার প্রশংসা করে জানান, চাঙ্গি বিমানবন্দরসহ বিভিন্ন প্রকল্পে ভবিষ্যতে আরও কর্মসংস্থানের সুযোগ তৈরি হতে পারে। পাশাপাশি ঢাকা–সিঙ্গাপুর ফ্লাইট সংখ্যা বাড়ানোর আগ্রহের কথাও জানান তিনি।

তবে দক্ষতা উন্নয়ন ও সিঙ্গাপুরের আইন মেনে চলার বিষয়টি গুরুত্ব দিয়ে তুলে ধরা হয় বৈঠকে।

LENS ASIA